

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
web: www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৭৪.২০.৬৭২.১৮.

তারিখঃ ১০/০৩/২০২৪ খ্রি.

বিষয়: প্রচার ও বিজ্ঞাপন খাতে অর্থ বরাদ্দ।

সূত্র: ১। তাঁর কার্যালয়ের স্মারক নং ৬৬৬, তারিখ: ১৪.০২.২৪ খ্রি।

২। এ দপ্তরের স্মারক নং ৯৭৬, তারিখ: ২৪.০৯.২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ ১নং স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, প্রচার ও বিজ্ঞাপন খাতে চাহিদাপত্রের সাথে প্রেরিত ৪টি বিলের মধ্যে ৩টি বিল নিয়োগ পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ বাবদ। উক্ত ৩টি বিলের মোট (৩৮৮১+৫৮২২+৩৮৮১) = ১৩,৫৮৪/- টাকা বরাদ্দের নিমিত্তে নিয়োগ পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি স্থানীয় পত্রিকায় প্রকাশের বিষয়ে খাদ্য অধিদপ্তরের কোনো নির্দেশনা থাকলে উক্ত নির্দেশনাপত্র এবং সংযুক্ত ছক মোতাবেক তথ্যসহ চাহিদা প্রেরনের জন্য অত্র দপ্তরের ২৪.০৯.২০২৩ খ্রি. তারিখের ৯৭৬ নং স্মারকে অনুরোধ জানানো হয়েছিলো। কিন্তু এ সংক্রান্ত কোনো নির্দেশনাপত্র কিংবা ছক মোতাবেক তথ্য উল্লেখ না করেই পুনরায় অর্থ বরাদ্দের জন্য চাহিদা প্রেরণ করা হয়েছে, যা মোটেও কাম্য নয়।

এমতাবস্থায়, সূত্রস্থ ২নং পত্রে উল্লিখিত বিষয়ে কোনো নির্দেশনাপত্র এবং ছক অনুযায়ী তথ্য উল্লেখ ছাড়াই পুনরায় চাহিদা প্রেরণের সুস্পষ্ট কারণ জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

স্বাক্ষর

মোঃ সাহিদার রহমান
ইন্সট্রাক্টর

সংযুক্তি-হিসাব ও অর্থ বিভাগ

জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।

স্মারক নং- ১৩.০১.০০০০.০৭৪.২০.৬৭২.১৮.৪৩৪/১(৫)

সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে:

তারিখঃ ১০/০৩/২০২৪ খ্রি.

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা।

২। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের একান্ত সচিব।

৩। উপখাদ্য পরিদর্শক, মজুদ, বিক্রয় ও ক্যাশ শাখা, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বরাদ্দপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো।

৪। অফিস কপি।

৫। মাস্টার কপি।

স্বাক্ষর
২০.০৩.২৪

ইছমত আরা শিরীন
সহকারী উপ-পরিচালক

স্বাক্ষর
১২.০৩.২৪